

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৩০

জিরানীয়া, ৮ মে, ২০২৪

জিরানীয়া মহকুমায় কবি প্রণাম অনুষ্ঠান

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে আজ জিরানীয়া মহকুমার রাণীরবাজারের গীতাঞ্জলী হলে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। জিরানীয়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং রাণীরবাজার পুর পরিষদের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের সহকারি মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্যামল দেববর্মা, জিরানীয়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের এসআইও গৌতম দাস প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ রবীন্দ্র প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। তাছাড়াও অতিথিগণ রবীন্দ্র জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা করেন। এরপর স্থানীয় শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য।

\*\*\*\*\*